

চট্টগ্রামে শিক্ষা প্রতিমন্ত্রী

নকল বন্ধ না হওয়া পর্যন্ত ঘরে ফিরবো না

মোশাররফ বাবলু, চট্টগ্রাম থেকে শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন বলেছেন, আসন্ন পাবলিক পরীক্ষাগুলোতে যে কোনো মূল্যে নকল প্রতিরোধ করা হবে। এবার নকল বন্ধ না হওয়া পর্যন্ত ঘরে ফিরবো না। নকল প্রতিরোধে তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, শিক্ষকরা সচেতন হলেই নকল বন্ধ সম্ভব।

গতকালের শনিবার চট্টগ্রাম সরকারি কলেজ অডিটোরিয়ামে বিলিফ পরীক্ষায় নকল প্রতিরোধ উদ্বুদ্ধকরণ সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী এসব কথা বলেন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এ জে এম শহীদুল্লাহর সভাপতিত্বে কন্যাদের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সফিকুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার নাসিম আহমেদ, পুলিশ সুপার মতিউর রহমান, যীরেশ্বরগাই উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল হাই, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ শামসুন্নাহার আনী, চট্টগ্রাম দক্ষিণ থানা শাখার বিএনপি সভাপতি আহমেদ খলিল খান প্রমুখ।

শিক্ষা প্রতিমন্ত্রী এছানুল হক মিলন বলেন, নকলের জন্ম হয়েছে বাংলাদেশে। আর এই নকলের শালন-পালন করছেন রাজনীতিবিদরা, অভিভাবক ও শিক্ষকরা

পরীক্ষার সময়ে ছাত্রদের নকল সরবরাহ করে, যা দেখে লজ্জা হয়। ছাত্রদের মেধা বিকশিত করতে হবে। জাড়াটে মেধা দিয়ে পরীক্ষা পরিচালনা করা সম্ভব নয়। নিজস্ব মেধা প্রয়োজন। এ জন্য আগামী প্রজন্মের শ্রেণী কক্ষেই শিক্ষকদের পড়া শেষ করতে হবে। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, এবারে নকল ররদাও করা হবে না। কোনো শিক্ষকে সন্দেহে সঙ্গে জড়িত পাওয়া গেলে তার পিও ব্যক্তিগত সহ কারাগারে পাঠানো হবে। তিনি বলেন, এশাবের পরীক্ষা যাতে নকলমুক্ত পরিবেশে নেওয়া যায় এখানে ১৯৮৮ সালের পাবলিক পরীক্ষা আইন বাস্তবায়ন করা হবে। যে কোনো মূল্যে নকল বন্ধ করা হবে। নকল বন্ধ না হওয়া পর্যন্ত ঘরে ফিরে যাবো না।

চট্টগ্রাম জেলার ডিসি, এসপি, সরকারি কর্মকর্তা ও শিক্ষকরা চট্টগ্রামকে নকলমুক্ত এলাকা ঘোষণা করে বলেছেন। গত বছরই চট্টগ্রাম ৮০ ভাগ নকলমুক্ত হয়েছে। এ বার ১০০ ভাগ নকল বন্ধ হবে বলে তারা অঙ্গীকার ব্যক্ত করেন।

এ ছাড়াও গত তরুবার রাসমাটি ও খাগড়াছড়ি জেলার নকল বিরোধী সভা অনুষ্ঠিত হয়। রাসমাটি পার্বত্য জেলার ডিসি জাফর আহমেদ বানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন, পার্বত্য জেলা বিষয়ক উপমন্ত্রী মনিরুপন দেওয়ান এমপি, জেলা পরিষদের চেয়ারম্যান ড. মানিক লাল দেওয়ান, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এ জে এম শহীদুল্লাহ ও শিক্ষকবৃন্দ।

শিক্ষা প্রতিমন্ত্রী বিভিন্ন স্কুলে পরিদর্শন করেন। তরুবার তল্লাখাজার জেলার রানু পানাস্থ জোয়ারিয়ানালা বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে উদ্বোধন ভাষণ দেন। তিনি ছাত্রীদের নকলমুক্ত পরিবেশে পড়ে তোলার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।